১০।

দৈনিক ইনকিলাব

তারিখ 01 JAN 1994
পৃষ্ঠা [illegible] কলাম ৪

# দেড়শ' শিক্ষকের পদ শূন্য ঃ অর্ধ লক্ষ শিক্ষার্থী সুষ্ঠু শিক্ষা থেকে বঞ্চিত

## সন্দ্বীপে শিক্ষাক্ষেত্রে অব্যবস্থা

সন্দ্বীপ (চট্টগ্রাম), ৩১ ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- সারাদেশে যখন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা জোরদার করা হচ্ছে, ঠিক তখনই সন্দ্বীপের প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় মারাত্মক সংকট দেখা দিয়েছে। শিক্ষা ব্যবস্থায় অচলাবস্থার সৃষ্টি হওয়ায় সন্দ্বীপের প্রায় অর্ধ লক্ষ শিক্ষার্থী সুষ্ঠু শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

জানা গেছে, সন্দ্বীপ থানায় ১০৩টি সরকারী এবং ১৩টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বেসরকারী ১৩টির মধ্যে রেজিষ্ট্রিকৃত ৬টি ও রেজিষ্ট্রিবিহীন হচ্ছে ৭টি। সরকারী ১০৩টি বিদ্যালয়ে ৫৪৭টি শিক্ষকের পদ থাকলেও শিক্ষক রয়েছে মাত্র ৪৩২ জন। ১১৫টি শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য। এর মধ্যে প্রধান শিক্ষকের পদ হচ্ছে ২১টি। এ বছর আরো কয়েকজন শিক্ষক অবসর গ্রহণ করবে বলে জানা গেছে। তারা অবসর গ্রহণ করলে শূন্য পদের সংখ্যা আরো বৃদ্ধি পাবে।

সরকারী ১০৩টি বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থী হচ্ছে ৩৭২৪৬ জন। বেসরকারী বিদ্যালয়গুলোতে অর্ধ শতাধিক শিক্ষক এবং প্রায় ৫ হাজার ছাত্রছাত্রী অধ্যয়ন করছে বলেও জানা গেছে। তাদের অবস্থা অত্যন্ত শোচনীয়। বিগত ১৯৯১ সালের ২৯ এপ্রিলে ভয়াবহ ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে সন্দ্বীপের প্রাথমিক বিদ্যালয়গুলো বিধ্বস্ত হবার পর এ পর্যন্ত প্রায় অর্ধ শতাধিক বিদ্যালয় পুনঃ নির্মাণ করা হলেও অবশিষ্ট বিদ্যালয়ের অবস্থা অত্যন্ত করুণ। অনেকগুলো বিদ্যালয়ে [illegible] ক্লাস করছে। তাছাড়া বিদ্যালয়গুলোতে শিক্ষা উপকরণ, আসবাবপত্র ও শিক্ষকের অভাবে সুষ্ঠু শিক্ষা ব্যাহত হচ্ছে। সরকারী জরিপ অনুযায়ী সন্দ্বীপে ৪৮৬৩৫ জন বিদ্যালয় গমনোপযোগী ছেলেমেয়ে রয়েছে। এর মধ্যে ৩৭২৪৬ জন ছাত্রছাত্রী অধ্যয়নরত আছে। বাকী ১১৩৮৯ জন ছেলেমেয়ে দারিদ্রতার কারণে বিদ্যালয়ের শিক্ষার আলো থেকে বঞ্চিত রয়েছে। বেসরকারী হিসাব অনুযায়ী এর সংখ্যা আরো বেশী হবে বলে জানা গেছে।

বিগত ১৯৮৭ সাল থেকে সন্দ্বীপে মামলাজনিত কারণে শিক্ষক নিয়োগ বন্ধ রয়েছে। শিক্ষক নিয়োগ বন্ধ থাকায় সন্দ্বীপের প্রায় অর্ধ লক্ষ ছাত্রছাত্রী সুষ্ঠু শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে।